



ঢাকা বিশ্ববিদ্যালয়
তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ
এম. এ. (ইভনিং) প্রোগ্রাম-২০১৮
www.islm.du.ac.bd

৩০তম ব্যাচে ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে স্ব-খরচে এম. এ. (ইভনিং) প্রোগ্রামে ৩০তম ব্যাচে (মে-আগস্ট ২০১৮ সেমিস্টার) ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক সম্মান অথবা পাস ডিগ্রীধারীগণ ভর্তির আবেদন করতে পারবেন। গ্রন্থাগার ও তথ্যপ্রতিষ্ঠানে কর্মরত অথবা গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিষয়ে পোস্ট-গ্রাজুয়েট ডিপ্লোমা সম্পন্নকারী প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন। আবেদনের যোগ্যতা সনাতন পদ্ধতির ক্ষেত্রে মাধ্যমিক থেকে স্নাতক পর্যন্ত ন্যূনতম ৬ (ছয়) পয়েন্ট তবে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে ন্যূনতম সিজিপিএ মাধ্যমিক থেকে স্নাতক পর্যন্ত ৭ (সাত) পয়েন্ট এবং প্রতি পরীক্ষায় ন্যূনতম ২ (দুই) পয়েন্ট থাকতে হবে।

ভর্তি ফরম সংগ্রহ ও জমা: ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে আগামী ১৫ মার্চ ২০১৮ (বৃহস্পতিবার) পর্যন্ত বিভাগীয় অফিস অথবা বিভাগের ওয়েবসাইট থেকে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে। সঠিকভাবে পূরণকৃত ভর্তি ফরম, প্রয়োজনীয় কাগজপত্র এবং নগদ ১০০০/- (এক হাজার) টাকা ফিসহ উক্ত সময়ের মধ্যে বিভাগীয় অফিসে জমা দিয়ে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র নিতে হবে।

আগামী ১৩ এপ্রিল ২০১৮ (শুক্রবার) সকাল ১০:০০ টায় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

যোগাযোগের ঠিকানা:

তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, কক্ষ নং- ১০১৮, কলা ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়

ফোন: ০২-৯৬৬৭০৮৬, ০২-৯৬৬১৯২০-৭৩ / এক্সটেনশন: ৬৩৮৫

মোবাইল: ০১৯২৬১৮৪৭৬৭, ০১৭১৪৬২১১৩৩